দৈনিক ইনকিলাব

৫০

তারিখ ... AUG 01 1999 ...
পৃষ্ঠা ১ কলাম ২ ......

পাসের হার শতকরা ৩৫.৭০

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৮ সালের অনুষ্ঠিত ডিগ্রী (পাস) এবং সার্টিফিকেট পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। পরীক্ষার পাসের হার ৩৫ দশমিক ৭০। বিএ, বিএসসি, বিকম, বি, মিউজিক, বিএসএস (পাস) এবং সার্টিফিকেট পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৮৪ হাজার ৩২৬ জন। মোট পাস করেছে ৬৫ হাজার ৮১২ জন। তন্মধ্যে পুরুষ ৪৫ হাজার

১৫-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ

প্রথম পৃষ্ঠার পর

৩২৩ জন এবং মহিলা ২০ হাজার ৪৮৯ জন। পুরুষের পাসের হার ৩৪ দশমিক ২৩ এবং মেয়েদের পাসের হার ৩৯ দশমিক ৪৬।

বিএ (পাস) পরীক্ষায় ৮৭ হাজার ৩৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২৮ হাজার ৯৫৯ জন উত্তীর্ণ হয়েছে। প্রথম বিভাগ পেয়েছে ১৩০ জন এবং দ্বিতীয় বিভাগ পেয়েছে ১৯ হাজার ২৪২ জন, তৃতীয় বিভাগ পেয়েছে ৬ হাজার ৭৩০ জন। পাসের হার ৩৩ দশমিক ১৫।

বিএসএস (পাস) পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৪৮ হাজার ৮৯৩ জন। পাস করেছে ১৬ হাজার ৮০৭ জন। তন্মধ্যে ৮ জন প্রথম বিভাগে, ১০ হাজার ৬৯ জন দ্বিতীয় বিভাগে এবং ৬ হাজার ৭৩০ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পাসের হার ৩৪ দশমিক ৩৮।

বিএসসি (পাস) পরীক্ষায় ১৫ হাজার ৮৫৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৪৫৭ জন পাস করেছে। প্রথম বিভাগে ১৭৭ জন, দ্বিতীয় বিভাগে ৫ হাজার ৫০ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ২৩০ জন পাস করেছে। পাসের হার ৪০ দশমিক ৭২।

বিকম (পাস) পরীক্ষায় ২৯ হাজার ২৪২ জন পরীক্ষার্থীর মধ্যে ১২ হাজার ৩৯২ জন পাস করেছে। প্রথম বিভাগে ১০ জন, দ্বিতীয় বিভাগে ৫ হাজার ৩৮৩ জন এবং তৃতীয় বিভাগে ৬ হাজার ৯৯৯ জন পরীক্ষার্থী পাস করেছে। পাশের হার ৪২ দশমিক ৩৮।

বি মিউজিক (পাস) পরীক্ষায় ২১ জন ছাত্রের মধ্যে ৬ জন পাস করেছে। পাসের হার ২৮ দশমিক ৫৭।

সার্টিফিকেট পরীক্ষায় ২ হাজার ৯৫১ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ১৯১ জন পাস করেছে। পাসের হার ৪০ দশমিক ৩৬।

ডিগ্রী পাস ও সার্টিফিকেট পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে চট্টগ্রাম গভঃ সিটি কলেজের মোহাম্মদ মাকসুদুর রহমান, প্রাপ্ত নম্বর ৭৩৭। দ্বিতীয় হয়েছে হাটহাজারী কলেজের মনোয়ারা বেগম, প্রাপ্ত নম্বর ৭১৩। তৃতীয় হয়েছে ঢাকার মিরপুর গার্লস কলেজের মোছাম্মৎ সাবানা বেগম, প্রাপ্ত নম্বর ৬৯০।